রেজিস্ট্রার অফিস
নং ডি.আর.আইপি/১২/২০২৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
তারিখ: ১০.১২.২০২৫

# বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ১৪ ডিসেম্বর ২০২৫ **শহীদ বুদ্ধিজীবী দিবস পালন** ও ১৬ ডিসেম্বর ২০২৫ **মহান বিজয় দিবস** উদযাপনের লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**১। ১৪ ডিসেম্বর ২০২৫ শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে গৃহীত কর্মসূচি :**

ক) সকালে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলন।

খ) ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে শহীদ বুদ্ধিজীবীদের রুহের মাগফেরাতের জন্য মোনাজাত করা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার শান্তি কামনা করে প্রার্থনা।

গ) ১৪ ডিসেম্বর ২০২৫ শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে কালো ব্যাজ ধারণ করা হবে। সকাল ১০টায় চ.বি. মাননীয় উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, অনুষদের ডিনবৃন্দ, রেজিস্ট্রার ও প্রশাসনের সংশ্লিষ্টদের সাথে নিয়ে শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে চ.বি. বুদ্ধিজীবী স্মৃতি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। অতঃপর অনুষদসমূহের ডিন, চ.বি. শিক্ষক সমিতি, হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক, বিভাগীয় সভাপতি ও ইনস্টিটিউট এবং গবেষণা কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দ, চ.বি. অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি. মহিলা সংসদ, সমন্বয় কর্মকর্তা বিএনসিসি, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, চ.বি. কর্মচারী সমিতি, চ.বি. কর্মচারী ইউনিয়ন, উস্ প্রাইমারি এন্ড হাইস্কুল, নীপবন শিশু বিদ্যালয়, চাকসু, হল ও হোস্টেল সংসদ প্রতিনিধিবৃন্দ, চ.বি. সাংবাদিক সমিতি এবং অন্যান্য সংগঠনের পক্ষ থেকে বুদ্ধিজীবী স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সারিবদ্ধ ও সুশৃঙ্খলভাবে ভাবগম্ভীর পরিবেশে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে প্রক্টর মহোদয়, বিএনসিসি কর্তৃপক্ষ ও নিরাপত্তা দপ্তর যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। পুষ্পস্তবক অর্পণ শেষে চ.বি. শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বর থেকে শোক র‍্যালি শহীদ মিনার, চাকসু, কলা ও মানববিদ্যা অনুষদ ভবন (পুরাতন) এর সামনে দিয়ে প্রক্টর অফিসের সম্মুখ হয়ে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হবে। অতঃপর চ.বি. উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে বেলা ১১টায় **"মুক্তচিন্তা, মুক্তিযুদ্ধ এবং একাত্তরের বুদ্ধিজীবী হত্যা"** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চ.বি. মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) এবং কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. কামাল উদ্দিন। অনুষ্ঠানে চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার প্রধান অতিথি এবং চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রবন্ধ উপস্থাপন করবেন চ.বি. ইতিহাস বিভাগের প্রফেসর ও চ.বি. জাদুঘরের পরিচালক ড. মোহাম্মদ জাহিদুর রহমান। আলোচনা সভায় নিম্নোক্ত প্রত্যেক ক্যাটাগরি/সংগঠন থেকে উপস্থিত বরিষ্ঠ শিক্ষক/কর্মকর্তা/প্রতিনিধিদের মধ্য থেকে একজন করে বিপরীতক্রম অনুযায়ী বক্তব্য রাখবেন- অনুষ্ঠানের সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি, ডিন, সভাপতি ও সাধারণ সম্পাদক চ.বি. শিক্ষক সমিতি, সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, সভাপতি/পরিচালক (বিভাগ/ইনস্টিটিউট), পরিচালক ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, সভাপতি চ.বি. অফিসার সমিতি, সভাপতি চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), চাকসু প্রতিনিধি, সভাপতি চ.বি.কর্মচারী সমিতি ও সভাপতি চ.বি. কর্মচারী ইউনিয়ন।

ঘ) ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ৮.৩০টায় চট্টগ্রাম শহর থেকে ২টি বাস শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য এবং ছাত্র/ছাত্রীদের জন্য ২টি বাস ১ ও ২নং রুট অনুসরণ করে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে ক্যাম্পাস হতে অনুরুপভাবে ফিরে যাবে। তাছাড়া ক্যাম্পাসস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য অপর একটি বাস সকাল ৯.৩০টায় পরিবহন দপ্তর থেকে ছেড়ে উত্তর ক্যাম্পাস ঘুরে দক্ষিণ ক্যাম্পাস-ফরেস্ট্রি হয়ে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে অনুরুপভাবে ফিরে যাবে।

চ) অনুষ্ঠানমালায় সর্বোচ্চ সংখ্যক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা যাচ্ছে।

**২। ১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচি :**

ক) ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখ দিবাগত রাত ১২:০১ মিনিটে বিশ্ববিদ্যালয় বিএনসিসির উদ্যোগে বিজয় দিবসের সূচনালগ্নে স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বরে বিউগলের সুরে শহীদদের স্মরণ করা হবে। এ ব্যাপারে প্রক্টর মহোদয়ের সহায়তায় বিএনসিসি কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

খ) ১৬ ডিসেম্বর ২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং অংশগ্রহণকারী কর্তৃক লাল ব্যাজ ধারণ করা হবে।

গ) ১৬ ডিসেম্বর ২০২৫ দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মুনাজাত/প্রার্থনা অনুষ্ঠিত হবে।

ঘ) ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ১০টায় চ.বি. স্বাধীনতা স্মারক ভাস্কর্যে মাননীয় উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, অনুষদসমূহের ডিন, রেজিস্ট্রার ও প্রশাসনের সংশ্লিষ্টদের সাথে নিয়ে শহীদদের স্মরণে পুষ্পার্ঘ্য অর্পণ করবেন। অতঃপর অনুষদসমূহের ডিন, চ.বি. শিক্ষক সমিতি, হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক, বিভাগীয় সভাপতি এবং ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দ, চ.বি. অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি. মহিলা সংসদ, সমন্বয় কর্মকর্তা বিএনসিসি, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, চ.বি. কর্মচারী সমিতি, চ.বি. কর্মচারী ইউনিয়ন, উস্ প্রাইমারি এন্ড হাইস্কুল, নীপবন শিশু বিদ্যালয়, চাকসু, হল ও হোস্টেল সংসদ প্রতিনিধিবৃন্দ, চ.বি. সাংবাদিক সমিতি ও অন্যান্য সংগঠনের পক্ষ থেকে স্বাধীনতা স্মারক ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করবেন। সারিবদ্ধ ও সুশৃঙ্খলভাবে ভাবগম্ভীর পরিবেশে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে প্রক্টর মহোদয়, বিএনসিসি কর্তৃপক্ষ ও নিরাপত্তা দপ্তর যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ঙ) পুষ্পস্তবক অর্পণ শেষে সকাল ১০:৩০টায় স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বর থেকে বিজয় র‍্যালি শুরু হয়ে অগ্রণী ব্যাংকের সামনে দিয়ে প্রশাসনিক ভবন হয়ে কলা ও মানববিদ্যা অনুষদ ভবন (পুরাতন) দিয়ে অনুষ্ঠানস্থলে (চ.বি. জারুলতলা) এসে শেষ হবে। অতঃপর চ.বি. জারুলতলায় বেলা ১১টায় **"সাম্প্রতিক বাংলাদেশে বিজয় দিবসের তাৎপর্য"** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চ.বি. মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) এবং কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. কামাল উদ্দিন। অনুষ্ঠানে চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার প্রধান অতিথি এবং চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচনা সভায় নিম্নোক্ত প্রত্যেক ক্যাটাগরি/সংগঠন থেকে উপস্থিত বরিষ্ঠ শিক্ষক/কর্মকর্তা/প্রতিনিধিদের মধ্য থেকে একজন করে বিপরীতক্রম অনুযায়ী বক্তব্য রাখবেন– অনুষ্ঠানের সভাপতি, প্রধান অতিথি, বিশেষ অতিথি, ডিন, সভাপতি ও সাধারণ সম্পাদক চ.বি. শিক্ষক সমিতি, সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, সভাপতি/পরিচালক (বিভাগ/ইনস্টিটিউট), পরিচালক ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, সভাপতি, চ.বি. অফিসার সমিতি, সভাপতি চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), চাকসু প্রতিনিধি, সভাপতি, চ.বি. সাংবাদিক সমিতি, সভাপতি, চ.বি. কর্মচারী সমিতি ও সভাপতি, চ.বি. কর্মচারী ইউনিয়ন । আলোচনা সভা শেষে বিকাল ৩টা থেকে জারুলতলায় পরিবেশিত হবে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

চ) ১৫ তারিখ সন্ধ্যা থেকে ১৬ ডিসেম্বর ২০২৫ রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, হলসমূহ, রাস্তার পাশে, আইল্যান্ড, অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনা ও বিশ্ববিদ্যালয় ১ ও ২নং গেইটে আলোকসজ্জায় সজ্জিত করা হবে। এ ব্যাপারে প্রক্টর অফিস, প্রকৌশল দপ্তর, পরিচালক ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা ও সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে আলোচনা করে আলোকসজ্জার স্থান নির্ধারণ করবেন।

ছ) শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষে বুদ্ধিজীবী চত্বর, স্বাধীনতা ভাস্কর্য, কেন্দ্রীয় শহীদ মিনার প্রশাসনিক ভবনসহ এর আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন করা হবে। এ ব্যাপারে চ.বি. প্রকৌশল দপ্তর এবং চ.বি. ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধন কমিটি যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জ) ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখ সকাল ৮.৩০টায় চট্টগ্রাম শহর থেকে ২টি বাস শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য এবং ২টি বাস ছাত্র-ছাত্রীদের জন্য ১ ও ২নং রুট অনুসরণ করে অনুষ্ঠানস্থলে (চ.বি. জারুলতলা) আসবে এবং আলোচনা সভা শেষে অনুরুপভাবে শহরে ফিরে যাবে। তাছাড়া ক্যাম্পাসস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য অপর একটি বাস সকাল ৯:৩০টায় পরিবহন দপ্তর থেকে ছেড়ে উত্তর ক্যাম্পাস ঘুরে দক্ষিণ ক্যাম্পাস-ফরেস্ট্রি হয়ে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে অনুরুপভাবে ফিরে যাবে।

ঝ) বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের উক্ত জাতীয় অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা যাচ্ছে।

10-12-2025
(প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার)
উপাচার্য
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

10-12-2025
(প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম)
রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

তারিখ: ১০.১২.২০২৫

স্মারক নং: ডি.আর.আইপি/ ১২/২০২৫/১৪৮৫৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১. সকল অনুষদের ডিন, চ.বি.।
২. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. শিক্ষক সমিতি।
৩. কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত), চ.বি.।
৪. সকল হলের প্রভোস্ট, চ.বি.।
৫. প্রক্টর, চ.বি. সিদ্ধান্ত ১-গ ও ২-ক, ঘ, ঙ, চ ও উক্ত ২দিনের অনুষ্ঠানের জন্য সাউন্ড সিস্টেমের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৬. সকল বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৭. পরিচালক, ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা, চ.বি.। ২-চ এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮. পরিচালক, আইকিউএসি, চ.বি.।
৯. পরিচালক, আইসিটি সেল, চ.বি.। বিজ্ঞপ্তিটি সকল শিক্ষককে ই-মেইলের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১০. গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), চ.বি.।
১১. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. অফিসার সমিতি।
১২. সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি, চ.বি., বিউগল বাজানোসহ সিদ্ধান্ত-১ এর গ ও ২-এর ক, ঘ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৩. প্রশাসক ও হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), হিসাব নিয়ামক দপ্তর, চ.বি.।
১৪. প্রশাসক ও প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), প্রকৌশল দপ্তর চ.বি. সিদ্ধান্ত ২ এর চ-সহ শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধ, মহান স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বর ও প্রশাসনিক ভবনের সামনে পরিষ্কার-পরিচ্ছন্ন এবং আলোকসজ্জার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৫. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চ.বি.।
১৬. পরিচালক, চ.বি. জাদুঘর।
১৭. পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, চ.বি.।
১৮. চিফ মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত), চ.বি.।
১৯. ডেপুটি রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক), উপাচার্য দপ্তর, চ.বি. মাননীয় উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
২০. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক), চ.বি.। মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
২১. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) চ.বি.। মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
২২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের সাথে সংযুক্ত, রেজিস্ট্রার মহোদয়কে সদয় অবহিত করার জন্য।
২৩. পরিচালক (ভারপ্রাপ্ত), শারীরিক শিক্ষা বিভাগ, চ.বি.।
২৪. কোষাধ্যক্ষ, চাকসু, চ.বি.।
২৫. পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.।
২৬. পরিচালক, বিজ্ঞান ওয়ার্কশপ, চ.বি.।
২৭. পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চ.বি.।
২৮. পরিচালক, নজরুল গবেষণা কেন্দ্র, চ.বি.।
২৯. পরিচালক, অফিস ফর ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স, চ.বি.।
৩০. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ।
৩১. প্রশাসক, চ.বি. প্রেস।
৩২. প্রশাসক, এস্টেট শাখা, চ.বি.।
৩৩. প্রশাসক, পরিবহন দপ্তর, চ.বি. সিদ্ধান্ত ১-এর ঘ, ২-এর জ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৪. প্রশাসক ও নিরাপত্তা প্রধান, নিরাপত্তা দপ্তর, চ.বি.। সিদ্ধান্ত-১ এর ক, গ, ২-এর খ, ঘ-সহ উভয়দিন পতাকা উত্তোলনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৫. খতিব, চ.বি. কেন্দ্রীয় জামে মসজিদ, সিদ্ধান্ত ১-এর খ, ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ১৪ ও ১৬ ডিসেম্বর অনুষ্ঠিতব্য আলোচনা সভায় পবিত্র কোরআন থেকে তেলওয়াত করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৬. ইমাম, ক্যাম্পাসস্থ সকল মসজিদ, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৭. অধ্যক্ষ, বিশ্ব শান্তি প্যাগোডা, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৮. সভাপতি, সনাতন ধর্ম পরিষদ, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৯. সভাপতি ও সম্পাদক, চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি.।
৪০. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী সমিতি।
৪১. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী ইউনিয়ন।
৪২. সভাপতি ও সম্পাদক, চ.বি. মহিলা সংসদ।
৪৩. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. সাংবাদিক সমিতি। অনুষ্ঠানের সংবাদ কাভারেজের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪৪. ভিপি, জিএস ও এজিএস, চাকসু। চাকসুর অন্যান্য সম্পাদক ও নির্বাহী সদস্যদের অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪৫. ভিপি ও জিএস, সকল হল ও হোস্টেল সংসদ। স্ব স্ব হল ও হোস্টেলের অন্যান্য সম্পাদক ও নির্বাহী সদস্যদের অবহিত করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

১০/১২/২০২৫
(খন্দকার মোয়াজ্জেম হোসেন)
ডেপুটি রেজিস্ট্রার (তথ্য-ফটোগ্রাফি)
রেজিস্ট্রার অফিস, চ.বি.